দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# রাবি শিক্ষকের বিরুদ্ধে বিকৃত যৌনাচারের অভিযোগ ॥ ক্যাম্পাসে আলোড়ন

**রাবি সংবাদদাতা** ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের এক শিক্ষকের বিরুদ্ধে তারই বিভাগের এক ছাত্রের দায়ের করা বিকৃত যৌন চারের অভিযোগ নিয়ে ক্যাম্পাসে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়েছে। সংশ্লিষ্ট বিভাগীয় ছাত্র-ছাত্রীরা অভিযুক্ত শিক্ষককে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানিয়ে গত ২৮ মে উপাচার্যকে স্মারকলিপি দিয়েছে। তারা একই দিন থেকে উক্ত শিক্ষকের ক্লাস ও পরীক্ষাসহ সকল কর্মকাণ্ড বর্জন করে আসছে। খোঁজ নিয়ে জানা গেছে, গত বছরের ৪ নবেম্বর লোকপ্রশাসন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র বাবু বিভাগীয় এক শিক্ষকের বিরুদ্ধে তার সঙ্গে বিকৃত যৌনাচারের লিখিত অভিযোগ দাখিল করে বিভাগীয় চেয়ারম্যানের কাছে। অভিযোগ পেয়ে বিভাগীয় চেয়ারম্যান বিষয়টি তদন্তের জন্য বিভাগেরই সিনিয়র শিক্ষক ড. এটিএম ওবায়দুল্লাহ্কে আহ্বায়ক করে একটি কমিটি গঠন করেন। এর পর গঠিত তদন্ত কমিটির রিপোর্ট পর্যালোচনা করে সংশ্লিষ্ট বিভাগীয় একাডেমিক কমিটি অভিযোগটি উপাচার্যের নিকট প্রেরণ করেন। সংশ্লিষ্ট দায়িত্বশীল একটি সূত্র জানায়, প্রায় ৩ মাস অভিযোগটি উপাচার্যের দফতরে সিদ্ধান্তহীনতায় পড়ে থাকার পর গত ৩১ মার্চ কর্তৃপক্ষ এ ব্যাপারে একটি তদন্ত কমিটি গঠন করে। নৃবিজ্ঞান বিভাগের সভাপতি ড. জেহাদুল করিমকে আহ্বায়ক করে গঠিত ৪ সদস্যের তদন্ত কমিটির অন্যান্য সদস্য হলেন সিন্ডিকেট সদস্য অধ্যাপক ফায়েকউজ্জামান, মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক আব্দুল লতিফ এবং ফাইন্যান্স ও ব্যাংকিং বিভাগের অধ্যাপক মুস্তাফিজুর রহমান আল আরিফ। কমিটিকে ৩ সপ্তাহের মধ্যে তাদের রিপোর্ট দাখিলের নির্দেশ দেয়া হয়। কিন্তু আজও কমিটি তদন্ত রিপোর্ট দাখিল করতে পারেনি। এ ব্যাপারে কমিটির আহ্বায়ক ড. জেহাদুল করিম জানান, তদন্তের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। খুব শীঘ্রই রিপোর্ট দাখিল করতে পারবেন বলে তিনি মতামত দেন।

এদিকে অভিযুক্ত শিক্ষকের উপর্যুপরি হুমকির ফলে অভিযোগকারী ছাত্র বাবু অনার্স দ্বিতীয় বর্ষের ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। অন্যদিকে লোকপ্রশাসন বিভাগের ছাত্র-ছাত্রীরা সকল বর্ষের ৫ ছাত্রছাত্রীকে নিয়ে একটি যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করেছে। কমিটির পক্ষে ক্যাম্প্যাসে ব্যাপক পোস্টারিংও করা হয়েছে। শনিবার অভিযুক্ত শিক্ষককে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবিতে ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে মৌন মিছিল ও সমাবেশ কর্মসূচী ঘোষণা করেছে।